

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

নং-পম/গবেষণা/বিআইআইএসএস/ভিজিট-০১(অংশ-১)/২০১৬/২৭৫

তারিখঃ ২৪ জানুয়ারি ২০১৮

প্রেরকঃ সিনিয়র সহকারী সচিব (গবেষণা)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ আবু ছালেহ মুহাম্মদ ইউসুফ
উর্ধ্বতন গবেষণা ফেলো
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)-এর উর্ধ্বতন গবেষণা ফেলো আবু ছালেহ মুহাম্মদ ইউসুফ-এর অনুকূলে আগামী ৩১ জানুয়ারি-০১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে নেপাল-এ অনুষ্ঠিতব্য 'Crisis Response in South Asia' বিষয়ে 'South Asia Working Group Roundtable'-এ যোগদানের জন্য সরকারি অনুমোদন।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর উর্ধ্বতন গবেষণা ফেলো আবু ছালেহ মুহাম্মদ ইউসুফ-এর অনুকূলে আগামী ৩১ জানুয়ারি-০১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে Near East South Asia (NESAs) Center এবং The Centre for South Asia Studies (CSAS)-এর উদ্যোগে নেপাল-এ অনুষ্ঠিতব্য 'Crisis Response in South Asia' বিষয়ে 'South Asia Working Group Roundtable'-এ যোগদানের জন্য নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

ক) সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।


খ) উক্ত গোলটেবিল বৈঠকে যোগদানের উদ্দেশ্যে বিআইআইএসএস-এর উর্ধ্বতন গবেষণা ফেলো আবু ছালেহ মুহাম্মদ ইউসুফ আগামী ৩০ জানুয়ারি ২০১৮ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে নেপাল-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং বৈঠক শেষে আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন।

গ) এই সফরে NESAs Center উক্ত কর্মকর্তা-কে বিমান ভাড়া এবং যোগদানকালীন সময়ে স্থানীয় আতিথেয়তা প্রদান করবে। সফর সংক্রান্ত অন্যান্য ব্যয় (প্রাপ্যতা অনুযায়ী টার্মিনাল চার্জ, ট্রানজিট ভাতা ও অন্যান্য ভাতা) বিআইআইএসএস বহন করবে।

ঘ) উক্ত বৈঠকে যোগদান শেষে স্বদেশ প্রত্যাবর্তনের পরে অনধিক দশ কর্মদিবসের মধ্যে সভায় আলোচনার উপর একটি প্রতিবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ের গবেষণা শাখায় প্রেরণ করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,



(মঞ্জু মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)

ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ০৪। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৫। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক (প্রশাসন), বিআইআইএসএস, ঢাকা।
- ০৭। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। অফিস কপি।



(মঞ্জু মনোয়ারা)

সিনিয়র সহকারী সচিব (গবেষণা)